

Times Today BD

চট্টগ্রাম | 14 April, 2025

কক্সবাজারের টেকনাফে নিখোঁজের ১০ দিন পর একটি ইজিবাইক চালকের মরদেহ পাহাড় থেকে উদ্ধার করেছে পুলিশ।

সোমবার বেলা ১১ টার দিকে টেকনাফের হীলা ইউনিয়নের পশ্চিম উলুচামারি আখির বাপের ঘোনা প্যাডান আলীর পাহাড়ের উপরে বস্তাবন্দি অর্ধ গলিত মরদেহটি উদ্ধার করা হয় বলে জানিয়েছেন টেকনাফ থানার ওসি মুহাম্মদ গিয়াস উদ্দিন।

নিহত মাহাবুর রহমান (২২) একই ইউনিয়নের উলুচামারী হামজার ছড়ার মৃত সৈয়দ হোসেনের ছেলে।

ওসি জানান, গত ৪ এপ্রিল সকালে ইজিবাইক নিয়ে প্রতিদিনের মতো বাসা থেকে বের হয় মাহাবুর। বের হয়ে আর বাসায় ফেরত আসে নাই। বাড়ির লোকজন অনেক খোঁজাখুঁজি করে গত ১০ দিন যাবত তাকে খুঁজে না পেয়ে খোঁজাখুঁজি অব্যাহত রাখে। সোমবার পাহাড়ের উপরে বস্তাবন্দি অর্ধ গলিত মরদেহ দেখতে পায় স্থানীয় লোকজন। লোকমুখে সংবাদ পেয়ে নিহতদের বড় ভাই সৈয়দ আলম সহ মৃতের পরিবারের লোকজন মরদেহের গায়ের কাপড় চোপড় দেখে সনাক্ত করতে পারে।

তিনি বলেন, লাশের সুরত আল প্রতিবেদন তৈরি করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

নিখোঁজ ইজিবাইক মরদেহ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:52

URL: <https://timestodaybd.com/chittagong/775807766>